

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৯৮

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি বাইতুল্লাহ'য় যাওয়ার সামর্থ রাথে, তার জন্য জীবনে একবার হজ করা ফরয; প্রত্যেক বছর নয় মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ فَرْضَ اللَّهِ جَلَّ وَعَلَا الْحَجَّ عَلَى مَنْ وَجَدِ إِلَيْهِ سَبِيلًا فِي عُمْرِهِ مَرَّةً وَاحِدَةً لَا فِي كُلِّ عَامِ

## আরবী

3698 \_ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ الْمُسَيَّبِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنِ دِينَارٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ النَّبِيَّ صلى الله بْنُ نَافِعٍ عَنْ عَاصِمِ بْنِ عُمَرَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم لَمَّا حَجَّ بِنِسَائِهِ \_ قَالَ: (إِنَّمَا هِيَ هَذِهِ الْحِجَّةُ ثُمَّ عليكم بظهور الحُصْرِ) عليه وسلم لَمَّا حَجَّ بِنِسَائِهِ \_ قَالَ: (إِنَّمَا هِيَ هَذِهِ الْحِجَّةُ ثُمَّ عليكم بظهور الحُصْرِ) الراوي : ابْن عُمرَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3698 ا خلاصة حكم المحدث: صحيح – ((الصحيحة)) (2401). قَالَ أَبُو حَاتِمٍ رضي الله عنه: خِطَابُ هَذَا الْخَبَرِ وَقَعَ عَلَى بَعْضِ النِّسَاءِ أَرَادَ بِهِ نِسَاءَهُ صلى الله عليه وسلم وَالْقَصْدُ فِيهِ بَعْضُ الْأَحْوَالِ وَهُوَ الْحَالُ الَّذِي لَا يَكُونُ عَلَيْهِنَّ إِقَامَةُ الْفَرَائِضِ فِيهِ كَالصَّلَاةِ وَالْحَجِّ وما أشبههما.

## বাংলা

৩৬৯৮. ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন তাঁর স্ত্রীদের নিয়ে হজ্জ করেন, তখন তিনি বলেন, "নিশ্চয়ই এটা হলো হজ্জ। তারপর তোমাদের জন্য জরুরী হলো ঘরে অবস্থান করা।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহ্লাহ বলেন, "এই হাদীসের বক্তব্য কিছু নারীদের সামনে উপস্থাপিত হয়েছে, তবে তিনি এর দ্বারা তাঁর স্ত্রীদের উদ্দেশ্য নিয়েছেন। উদ্দেশ্য হলো কিছু অবস্থা, আর সেটা হলো ঐ অবস্থা যেখানে তাদের উপর ফরয পালন করা জরুরী নয়। যেমন: সালাত, হজ্জ প্রভৃতি।"



## ফুটনোট

[1] হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/২১৪; মুসনাদ আহমাদ: ২/৪৪৬; বায্যার: ১০৭৭; সুনান বাইহাকী: ৫/২২৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৪০১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন